গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

উপক্রমনিকা ........................................................................................................ ০৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ঃ ........................................................................................ ০৪

সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী ০৫

সেকশন ২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, র্কমসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.............................. ০৬

## উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর
এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৯/০৬/২০১৮ খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## অধিদপ্তর এর র্কমসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Directorate)

সাম্প্রাতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

খাদ্য অধিদপ্তরে যথাযথ উদ্যোগের ফলে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মুল্য স্থিতিশীল রয়েছে। গত ৩ বছরে গড়ে প্রায় ৫৯.৯১ লাখ মেট্রিক টন চাল সংগ্রহের পাশাপাশি কৃষকদের অধিক হারে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ৬.৭০ লাখ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে এবং প্রায় ২.৩০ লাখ কৃষকের ব্যাংক একাউন্টে ধানের মুল্য সরাসরি পরিশোধ করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং খাদ্যবান্ধব র্কমসূচি গৃহীত হয়েছে, এই র্কমসূচির মাধ্যমে প্রায় ৫০ লাখ পরিবারকে বছরের ৫ মাস কর্মাভাবকালীন সময়ে প্রতি কেজি চাল মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। সরকারি খাদ্য গুদামের ধারণক্ষমতা ২০.৪০ লাখ মেট্রিক টনে উন্নীত হয়েছে। প্রতিদিন প্রায় ২০০ মেট্রিক টন পেষণ ক্ষমতা (Crashing Capacity) বিশিষ্ট একটি আধুনিক ময়দা মিল স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

ক্রমবর্ধমান জনসংখ্যা, বিদ্যমান দারিদ্র্য ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপদকালীন খাদ্য নিরাপত্তা মজুদ নিস্পত্তির Innovative র্কমসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

২০২১ সালের মধ্যে গুদামের ধারণক্ষমতা ৩০ লক্ষ মেট্রিক টনে উন্নীতকরণ। অব্যাহত প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ। সামাজিক নিরাপত্তা র্কমসূচিতে পুষ্টি ও জলবায়ু পরির্বতনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে গার্মেন্টস, শিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ সময়োপযোগীকরণ।

**২০১৮-১৯ র্অথবছরের সম্ভাব্য প্রধান র্অজনসমূহ:**

- মাত্র ১০ টাকা কেজি দরে ৫০ লাখ পরিবারের মধ্যে ৭.৫০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ;
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ২২.০০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ;
- বাজারমূল্য স্থিতিশীল রাখা, বাজারে খাদ্য প্রাপ্যতা সহজলভ্য করা এবং নিম্নআয়ের জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত বিতরণ র্কমসূচিতে ১৪.৫০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ ;
- খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য ওএমএস খাতে ১.২৫ লাখ মেট্রিক টন চাল ও ৩.৫০ লাখ মেট্রিক টন গম বিক্রয়;
- গুদামের ধারণক্ষমতা ২১ লাখ ৫০ হাজার মেট্রিক টনে উন্নীতকরণ।

## সেকশন-১:

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision:

**সবার জন্য** পর্যাপ্ত **ও পুষ্টিকর** খাদ্য

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

**সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য** পর্যাপ্ত **ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।**

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

#### ১.৩.১ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ এবং কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান
২. দরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ
৩. পর্যাপ্ত খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন
৪. ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
৫. খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীল রাখা

#### ১.৩.২ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সঙ্গে বার্ষিক র্কমসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. র্কম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের কার্যাবলী (Functions):

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও খাদ্য নিরাপত্তা সুদৃঢ়করণ
২. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুদ, বিতরণ ও চলাচল ব্যবস্থাপনা
৩. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও প্রাপ্যতা সহজকরণ
৪. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ
৫. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা

## সেকশন ২

## বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ , ২০১৮-১৯

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| [১] খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ এবং কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান | ৩৫ | [১.১] অভ্যন্তরীণ চাল সংগ্রহ | সংগৃহীত চাল | লাখ মেঃ টন | ১৩ | ২.৭০৬ | ৪.৩৪ | ৪.৭৫ | ৫.০০ | ৫.২৫ |
| | | [১.২] বছর শেষে ন্যুনতম মজুদ গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | লাখ মেঃ টন | ১২ | .৪৫৫ | ২.০৪০ | ২.১০ | ২.১৫ | ২.২০ |
| | | [১.৩] অভ্যন্তরীণ ধান সংগ্রহ | সংগৃহীত ধান | লাখ মেঃ টন | ২ | .৩১৭ | ০.০০ | .৭৫ | .৮০ | .৯০ |
| | | [১.৪] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | সংগৃহীত গম | লাখ মেঃ টন | ২ | .৩৫৬ | ০ | .৪০ | .৫০ | .৬০ |
| | | [১.৫] নতুন গুদাম নির্মাণ | নির্মিত ধারণক্ষমতা | হাজার মেঃটন | ২ | ০ | ১ | ৯ | ১৪ | ১৫ |
| | | [১.৬] অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২ | ০ | ০ | ১ | ১ | ২ |
| | | [১.৭] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত ধারণক্ষমতা | হাজার মেঃটন | ২ | ০ | ৮.৫০ | ১২.০০ | ১৫.০০ | ২০.০০ |
| [২] দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ | ১৫ | [২.১] খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ১০ | ১.১৩৬ | .৫০ | ১.২৫ | ১.২৫ | ১.২৫ |
| | | [২.২] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ৫ | ১.২৯০ | ১.১৫৮ | ১.২০০ | ১.২৫০ | ১.৩৫০ |
| [৩] খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীল রাখা | ১০ | [৩.১] খোলা বাজারে আটা বিক্রি | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ৫ | ০.১৬৪ | ০.০৬০ | ০.০৮৭ | ০.০৯০ | ০.১০০ |
| | | [৩.২] খোলা বাজারে চাল বিক্রি | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ৫ | ০ | .১৬৭ | .২৫ | .৩০ | .৩৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| [৪] ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ৮ | [৪.১] উর্দ্ধতন কর্মকর্তাদের পরির্দশনের সংখ্যা | পরির্দশনের সংখ্যা | সংখ্যা | ৪ | ৫ | ১৪৫ | ১৫০ | ১৫৫ | ১৬০ |
| | | [৪.২] পরিদশন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা | গৃহীত ব্যবস্থার পরিমাণ | % | ৪ | - | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| [৫] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ৭ | [৫.১] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | সংখ্যা | ৫ | ৭৬ | ২০৩ | ২২০ | ২৩০ | ২৪০ |
| | | [৫.২] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | হাজার মেঃ টন | ২ | ১.০০ | ৪.৬৭৩ | ১৫.০০০ | ২০.০০০ | ৩০.০০০ |
| [৬] আর্থিক খাতে খাদ্যশস্য বিক্রয় | ৫ | [৬.১] বিশেষ জরুরি, অন্যান্য জরুরি ও শ্রমবহুল খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ৫ | .২৩৬ | .২২৯ | .২২৯ | .২২৯ | .২৩০ |

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রংপুরর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Under of Fair) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | - | - | - | - |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবংদর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Under of Fair) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সরকারি র্কমসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে র্কমর্কতা/র্কমচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচর কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ র্অথবছরের শুদ্ধাচার বাস্তবায়ন র্কমপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, মোঃ রায়হানুল কবীর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মোঃ আরিফুর রহমান (অপু), খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর, এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১১/০৬/২০১৮ ……………………………………

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (মোঃ রায়হানুল কবীর)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর। রংপুর বিভাগ, রংপুর

১১/০৬/২০১৮
তারিখ

……………………………………
মোঃ আরিফুর রহমান অপু
মহাপরিচালক
মহাপরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
খাদ্য অধিদপ্তর

১১.০৬.১৮
তারিখ